



UNIVERSITY OF NORTH BENGAL
B.A. General Part-II Examination, 2020

ELECTIVE BENGALI
PAPER-IV

Time Allotted: 1 Hour

Full Marks: 25

*The word limit mentioned below against each question to be strictly followed by the students:
2.5 marks-40 words /3 marks-50 words /4 marks-60 words / 5 marks-100 words /11 marks-310 words.*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও:

(ক) ধ্বনি প্রধান বা কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

১১

অথবা

দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো:

8+8+3

অক্ষর, পর্ব, যতি

(খ) ছন্দলিপি নির্ণয় করো: (যে-কোনো একটি)

8×1= 8

(অ) এ কথা জানিতে তুমি ভারত ঈশ্বর সাজাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।

(আ) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর
যা-কিছু হারায় গিনি বলেন, কেণ্টা বেটাই চোর।

(ই) তুমি বিশ্বপানে চেয়ে মানিছ বিস্ময়,
বিশ্ব তোমাপানে চেয়ে কথা নাহি কয়।

(ঈ) চমকে দেখি চক্ষু মুখে লেগেছে এক রাশ
ঘুম পাড়ানো কেয়ার রেণু কদম ফুলের বাস।

(উ) সাগর জলে সিনান করি সজল এলোচুলে
বসিয়াছিলে উপল উপকূলে।

শিথিল পীতবাস

মাটির পরে কুটিলরেখা লুটিল চারিপাশ।

২।(ক) অনুপ্রাস কাকে বলে? অনুপ্রাস কয় ভাগে বিভক্ত? প্রত্যেক বিভাগের নাম ও সংজ্ঞা একটি করে উদাহরণসহ লেখো।

৫

অথবা

উদাহরণসহ সংজ্ঞা লেখো: (যে-কোনো দুটি)

২.৫+২.৫ = ৫

যমক, রূপক, সমাসোক্তি, ব্যতিরেক

অথবা

(খ) অলংকার নির্ণয় করোঃ (যে-কোনো দুটি)

২.৫+২.৫ = ৫

(অ) ভারত ভারত খ্যাত আপনার গুণে।

(আ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥

(ই) কানুর পীরিতি চন্দনের রীতি
ঘষিতে সৌরভময়।

(ঈ) লক্ষ্মার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।

(উ) দ্বিজ হয়ে কেন কর বারুণী সেবন ?
রবির ভয়েতে শশী করে পলায়ন।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ

৫×১= ৫

(ক) ছোটগল্পের সংজ্ঞা দাও। উপন্যাস ও ছোটগল্পের পার্থক্য আলোচনা করো।

(খ) গীতিকবিতার সাধারণ লক্ষণ কী কী ? বাংলা গীতিকাব্য থেকে দৃষ্টান্ত দিয়ে এর আলোচনা করো।

(গ) আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝো ? উদাহরণসহ এই শ্রেণীর উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) কমেডি কাকে বলে ? 'কমেডি' কয় প্রকার ও কী কী ? একটি বাংলা কমেডি নাটকের পরিচয় দাও।

—x—